



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৬০২/মুসী/১০৫৮

তারিখ: ১১/১১/২০২৫ খ্রি.

বিষয়: মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন “হাঁসাড়া কালী কিশোর স্কুল এন্ড কলেজ” এর প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ জামাল- কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

- সূত্র:**
১. মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং- ঢাশিবো/বি/৬০২/মুসী/৯৫৫ তারিখ: ২০/১০/২০২৫ খ্রি.
 ২. শিক্ষা মন্ত্রণালয় এর পত্র নং- ৩৭.০০.০০০০.০৭১.০২.০১.১৮-২৪৯ তারিখ: ১৪/০৮/২০২৫ খ্রি.
 ৩. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- এর পরিপত্র নং ৩৭.০০.০০০০.০৭২.২২.০০১.২৩.১৭৩ তারিখ: ০৮/০৮/২০২৪ খ্রি.
 ৪. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা এর পত্র নং- ১৫৭/ক/অনুঃ/২০১২/১১৮, তারিখ: ৩০/০৭/২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন “হাঁসাড়া কালী কিশোর স্কুল এন্ড কলেজ” এর প্রধান শিক্ষক (২৪/০৮/২০২৪ তারিখে বরখাস্তকৃত) জনাব মোঃ জামাল উদ্দিন-এর বিরুদ্ধে “দীর্ঘদিন প্রতিষ্ঠানে অনুপস্থিত” এর অভিযোগ উত্থাপন করে গত ১৬/০৭/২০২৫ তারিখে আপিল অ্যান্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন করা হয়। “মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪” এর ৫৪ ধারায় কোনো শিক্ষক বা কর্মচারীকে ৬০ দিনের অধিক সময়ের জন্য সাময়িক বরখাস্ত রাখা যাইবেনা মর্মে উল্লেখ থাকলেও জনাব মোঃ জামাল উদ্দিন এর ক্ষেত্রে তা প্রতিপালন করা হয়নি।

প্রবিধানমালা, ২০২৪ এর ৫৪ (৬) ধারা এবং সূত্রোক্ত ২নং ও ৪নং পত্র অনুযায়ী প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ জামাল উদ্দিন-কে আগামী ১৫ দিনের মধ্যে স্বপদে পুনর্বহাল পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২নং সূত্রে বর্ণিত শিক্ষা মন্ত্রণালয় এর পত্র নং- ৩৭.০০.০০০০.০৭১.০২.০১.১৮-২৪৯ তারিখ: ১৪ আগস্ট ২০২৫ মোতাবেক “শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালীন সকল শিক্ষক-শিক্ষিকাকে পান-সিগারেট এবং যে কোন ধরনের নেশাদ্রব্য গ্রহণে জোরালোভাবে নিষেধাজ্ঞা” প্রদান করা হয়। উক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রতিষ্ঠান কর্তৃক গঠিত অভ্যন্তরীণ তদন্ত কমিটি ও অভ্যন্তরীণ অডিট রিপোর্টে উল্লিখিত আর্থিক গরমিলের বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সরকার কর্তৃক অনুমোদিত সিএ ফার্ম দ্বারা ২০১৮ থেকে ২০২৫ সাল পর্যন্ত অডিট সম্পন্ন করে পূর্ণাঙ্গ (জমি, সমস্ত আয়-ব্যয়, শিক্ষক-কর্মচারীদের বিস্তারিত তথ্য, পরীক্ষার ফলাফল, কমিটি সংক্রান্ত তথ্য, সম্পদ-দায়, অতিরিক্ত ব্যয়, অডিটরের পরামর্শ-মতামত ইত্যাদি) তথ্যসহ আগামী ০৩ মাসের মধ্যে হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে দাখিলের নির্দেশ প্রদান করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

ড. মোঃ মাসুদ রানা খান

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

তারিখ: ১১/১১/২০২৫ খ্রি.

সভাপতি, এডহক কমিটি
হাঁসাড়া কালী কিশোর স্কুল এন্ড কলেজ
শ্রীনগর, মুন্সীগঞ্জ

মেমো নং-১০৫৮ (৭)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ;
৪. জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ;
৫. প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), হাঁসাড়া কালী কিশোর স্কুল এন্ড কলেজ, শ্রীনগর, মুন্সীগঞ্জ,
৬. জনাব মোঃ জামাল উদ্দিন, প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত), হাঁসাড়া কালী কিশোর স্কুল এন্ড কলেজ, শ্রীনগর, মুন্সীগঞ্জ,
৭. পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা